

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।


উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১৩.৩৫.০০১.১৩-২৬০

তারিখ - ১৩/০৭/২০১৯ খ্রিঃ।

অফিস আদেশ

সাম্প্রতিক অতিবৃষ্টি এবং পাহাড়ী ঢলে নৈত্রিকোণা, সুনামগঞ্জ, সিলেট, চট্টগ্রাম, কক্সবাজার, জামালপুর, লালমনিরহাট, সিরাজগঞ্জ, কুড়িগ্রাম, রংপুর, পাইবান্ধা, নীলফামারী, বান্দরবান ও ঝাংড়াছড়ি, জেলার কিছু কিছু নিম্ন এলাকা প্লাবিত হয়েছে। এরূপ পরিস্থিতিতে উপদ্রুত এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিরবিচ্ছিন্ন রাখতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীদের পরিস্থিতির উপর সতর্ক দৃষ্টি রাখার জন্য বলা হলো। উল্লিখিত জেলাসমূহের সকল কর্মকর্তা-কর্মচারীদের সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে স্থানীয় প্রশাসনের সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সংক্রান্ত যে কোন জরুরী পরিস্থিতি মোকাবেলা করার জন্য নির্দেশনা দেয়া হলো। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অনুমতি ব্যতীত উক্ত জেলাসমূহের কোন কর্মকর্তা/কর্মচারী ছুটিতে যেতে পারবেন না।



(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী(অঃদাঃ)

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১৩.৩৫.০০১.১৩-২৬০/১ (১০০)

তারিখ - ১৩/০৭/২০১৯ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/পরিকল্পনা/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সার্কেল.....।
- ৩। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,..... বিভাগ/জেলা.....।
- ৪। প্রোগ্রামার, এম,আই,এস ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা। সংশ্লিষ্ট কার্যালয়ে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী(অঃদাঃ)

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১৩.৩৫.০০১.১৩-২৬০/১০০(২)

তারিখ - ১৩/০৭/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।


(মোঃ সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী(অঃদাঃ)